

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 05-12-2025

Time: 1-40 PM

বিশেষ বিশেষ খবরঃ-

- ১/ SIR-এর সঙ্গে যুক্ত BLO-দের কাজের চাপ কমাতে সুপ্রিম কোর্ট, অতিরিক্ত কর্মী নিয়োগ করা যেতে পারে বলে রাজ্য সরকারকে জানিয়েছে। # SIR-এর সময়সীমা আর বাড়ানো হবেনা বলেও সর্বোচ্চ আদালত জানিয়েছে।
- ২/ UMEED পোর্টালে ওয়াকফ সম্পত্তি নথিভুক্ত করার আজ শেষ তারিখ হলেও, আগামী তিনমাস কোনো জরিমানা বা শাস্তির সংস্থান থাকবে না বলে কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরণ রিজিজু জানিয়েছেন। # পশ্চিমবঙ্গ সহ কয়েকটি রাজ্যে মাত্র ১০ থেকে ৩৫ শতাংশ ওয়াকফ সম্পত্তি পোর্টালে নির্বাচিত হয়েছে।
- ৩/ মুর্শিদাবাদের বেলডাঙ্গায় প্রস্তাবিত মসজিদ নির্মাণকে কেন্দ্র করে কোনোরকম অশাস্তি যাতে না হয়, কলকাতা হাইকোর্ট প্রশাসনকে নির্দেশ দিয়েছে।
- ৪/ রাজ্য ডিমের দাম হঠাৎ অনেকটা বেড়ে যাওয়ায় প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তর ও টাক্স ফোর্স, যুগ্ম নজরদারি চালাবে।
- ৫/ প্রাথমিকে নিয়োগ দুর্বাতি মামলায় অন্যতম অভিযুক্ত সুজয়কৃষ্ণ ভদ্র, কলকাতা হাইকোর্ট থেকে স্থায়ী জামিন পেয়েছেন।
- ৬/ ঋষি অরবিন্দের ৭৬-তম প্রয়াণ দিবসে আজ তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী SIR-এর সঙ্গে যুক্ত BLO-দের কাজের চাপ কমাতে অতিরিক্ত কর্মী নিয়োগ করা যেতে পারে বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে। এব্যাপারে রাজ্য সরকারকে দায়িত্ব নিতে হবে বলে প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ জানিয়েছেন। কোনো BLO কাজ থেকে অব্যাহতি চাইলে বিশেষত অসুস্থতার ক্ষেত্রে তাকে ছুটি দিয়ে নতুন BLO নিয়োগ করার কথাও বলেছে শীর্ষ আদালত। একইসঙ্গে BLO-দের কাজের চাপের জন্য পশ্চিমবঙ্গ সহ ১২ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে SIR-এর সময়সীমা বৃদ্ধি করা হবে না বলেও সুপ্রিম কোর্ট জানিয়েছে। গতকাল এই সংক্রান্ত শুনানির সময়ে প্রধান বিচারপতি বলেন, BLO হিসাবে নিযুক্ত রাজ্য সরকারি কর্মীরা নির্বাচন কমিশনের দেওয়া কাজ করতে বাধ্য। তবে তাদের কাজের চাপ কমানোর দায়িত্ব রাজ্য সরকারকেই নিতে হবে।

এদিকে রাজ্য SIR প্রক্রিয়া নির্ধারিত সময়ের মধ্যেই শেষ করা যাবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী আকাশবাণীকে জানিয়েছে, নির্ধারিত সময় শেষ হওয়ার অনেক আগেই এনিউমারেশন প্রক্রিয়া প্রায় সম্পন্ন। এদিকে, মালদা জেলা জুড়ে SIR এর কাজ নিয়ে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

(ভিসি- সহেলী)

বিজেপি আজ থেকে বিধানসভা নির্বাচনের প্রচার ও প্রস্তুতি শুরু করছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা জানিয়েছেন, সাংগঠনিক কর্মসূচির জন্য ৫, ৬ টি বুথ একত্রিত করে শক্তিকেন্দ্র গড়ে তোলা হয়েছে। আগামী ১৫ই জানুয়ারির মধ্যে প্রতিটি শক্তিকেন্দ্রে সভা সম্পন্ন করা হবে। শ্রী সিনহা বলেন, মোট ১৩ হাজার শক্তিকেন্দ্রে বিজেপি সভা করবে এবং আজ থেকেই এক হাজার ৩০০টি শক্তিকেন্দ্রে বিকেল ৫টা থেকে ৭টা পর্যন্ত সভা হবে। এর পর প্রতিটি বিধানসভায় রাজ্য ও কেন্দ্রীয় নেতৃত্বের উপস্থিতিতে বৃহৎ সভা অনুষ্ঠিত হবে। তিনি জানান, ৭টি বড় জনসভায় প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন এবং এরপর স্বরাষ্ট্রমন্ত্রী, প্রতিরক্ষামন্ত্রী এবং সর্বভারতীয় সভাপতি সহ অন্যান্য কেন্দ্রীয় নেতারা পশ্চিমবঙ্গ সফরে আসবেন।

কেন্দ্রীয় সরকারের নতুন নির্দেশমতো ‘উমিদ’ পোর্টালে ওয়াকফ সম্পত্তি সংক্রান্ত তথ্য আপলোড করার আজই শেষ দিন হলেও উত্তরপ্রদেশ, পশ্চিমবঙ্গ, কর্ণাটক এবং তামিলনাড়ুর মতো রাজ্যগুলিতে মাত্র ১০ থেকে ৩৫ শতাংশ ওয়াকফ সম্পত্তি পোর্টালে নিবন্ধিত হয়েছে। পশ্চিমবঙ্গে মোট ৮০ হাজার ৪৮০টি ওয়াকফ সম্পত্তির মধ্যে মাত্র ১২ শতাংশ সম্পত্তি ডিজিটালি নিবন্ধিত করা হয়েছে বলে রাজ্য ওয়াকফ বোর্ড সুত্রে জানা গেছে। ওয়াকফ সম্পত্তির রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকা মুতাওয়ালিদের কারিগরি দক্ষতা এবং ইংরেজি জ্ঞানের অভাবকেই এজন্য দায়ী করা হয়েছে।

উল্লেখ্য, রাজ্য সরকার বেশ কয়েক মাস ধরে ওয়াকফ সংশোধনী আইন কার্যকর করতে অস্বীকার করলেও পরে অবশ্য উমিদ পোর্টালে আপলোড শুরু করো।

কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু বলেছেন, ‘উমীদ’- পোর্টালে এপর্যন্ত এক লক্ষ ৫১ হাজারের বেশী ওয়াকফ সম্পত্তি নিবন্ধীকৃত করা হয়েছে। ওয়াকফ আইন বলবত হবার পর মন্ত্রক এই পোর্টাল চালু করে এবং সংশ্লিষ্ট পক্ষকে যাবতীয় ওয়াকফ সম্পত্তি নথিভুক্ত করার জন্য বলা হয়।

আজ নতুন দিল্লিতে এক সাংবাদিকদের মন্ত্রী বলেন, এখনো লক্ষ লক্ষ সম্পত্তি রেজিস্টার্ড হয়নি। তবে, ‘উমীদ’-পোর্টালে এখনো যারা নাম নথিভুক্ত করেনি, আগামী তিনমাস তাদের ওপর কোন জরিমানা করা বা কঠোর ব্যবস্থা নেওয়া হবে না বলে শ্রী রিজিজু আশ্বস্ত করেছেন।

কলকাতা হাইকোর্ট, মুর্শিদাবাদে তৃণমূল কংগ্রেস বহিস্থিত বিধায়ক নেতা হুমায়ুন কবিরের আগামীকাল ৬ ডিসেম্বর নতুন বাবরি মসজিদের ভিত্তিপ্রস্তর স্থাপনকে কেন্দ্র করে যাতে এলাকায় অশান্তি ছড়াতে না পারে তা নিশ্চিত করতে প্রশাসনকে নির্দেশ দিয়েছে। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ এই নির্দেশ দেন। এর প্রেক্ষিতে রাজ্যের এডভোকেট জেনারেল (এজি) কিশোর দত্ত আদালতে জানান, রাজ্য প্রশাসন বিষয়টির দিকে নজর রাখছে। আইন শৃঙ্খলার কোন অবনতি যাতে না হয় সেজন্য পর্যাপ্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। একই সঙ্গে এই মসজিদের শিলান্যাসে আইনগত কোনো বাধা নেই বলে হাইকোর্ট মত প্রকাশ করেছে। অন্যদিকে, কেন্দ্রের পক্ষ থেকে ডেপুটি সলিসিটর জেনারেল রাজদীপ মজুমদার জানিয়েছেন, ১৯ কোম্পানি সিয়াইএসএফ মোতায়েন করা রয়েছে মুর্শিদাবাদে। এদিকে, মামলার পরে হুমায়ুন কবিরের পক্ষের আইনজীবী শুভাশিস দাশগুপ্ত জানান, কোন রকম শান্তি শৃঙ্খলা পরিস্থিতি নষ্ট হয় এমন কিছু করা হবে না।

(বাইট- আইনজীবি)

অন্যদিকে, আজই রেজিনগরের মরাদিঘিতে বাবরি মসজিদ প্রতিষ্ঠার অনুষ্ঠান মঞ্চ নির্মানের কাজ খতিয়ে দেখতে হুমায়ুন কবির।

রাজ্য ডিমের দাম আকস্মিকভাবে অনেকটাই বেড়ে যাওয়ায় রাজ্যের প্রাণিসম্পদ উন্নয়ন দফতর এবং বাজার দর নিয়ন্ত্রণে গঠিত বিশেষ টাক্ষ ফোর্স যৌথভাবে নজরদারি চালাবে। নবান্নে মুখ্যসচিব মনোজ পন্থ, কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না-সহ কৃষি, কৃষি বিপণন ও প্রাণিসম্পদ উন্নয়ন দফতরের শীর্ষ আধিকারিকরা গতকাল বৈঠকে বসে এই সিদ্ধান্ত নিয়েছেন। পরিস্থিতির সুযোগ নিয়ে কোনও অসাধু ব্যবসায়ী যাতে কৃত্রিম অভাব তৈরি করতে

না-পারে, তার জন্য পুলিশ ও টাঙ্ক ফোর্সকে যৌথভাবে কড়া নজরদারি চালানোর নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়াও সাধারণ মানুষকে স্বত্ত্ব দিতে 'সুফল বাংলা'র বিপণন কৌশলেও বদল আনা হচ্ছে। সিদ্ধান্ত হয়েছে, এখন থেকে ৩৫টি সুফল বাংলা কেন্দ্র সম্ব্যাতেও খোলা থাকবে। এর মধ্যে ১৪টি কলকাতা এবং ২১টি বিধাননগর, রাজারহাট ও উত্তর ২৪ পরগনার বিভিন্ন জনবহুল এলাকায় অবস্থিত। অফিস ফেরত মানুষ যাতে ন্যায্য মূল্য ডিমসহ নিত্যপ্রয়োজনীয় সামগ্রী কিনতে পারেন, সেই লক্ষ্যেই এই সময়সূচি পরিবর্তন। পাশাপাশি, রাজ্য বর্তমানে সাড়ে সাতশোটি সুফল বাংলা কেন্দ্র থাকলেও, জোগান ব্যবস্থা আরও মসৃণ করতে চলতি মাসের শেষেই আরও ৫০টি ভ্রাম্যমাণ গাড়ি রাস্তায় নামানো হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

নিয়োগ দুর্নীতিতে অভিযুক্ত সুজয়কৃষ্ণ ভদ্রের স্থায়ী জামিন মঞ্চুর করলো কলকাতা হাইকোর্ট। বিচারপতি শুভ্রা ঘোষ আজ শর্তসাপেক্ষে তাঁর স্থায়ী জামিন মঞ্চুর করে বলেন, তদন্ত চলাকালীন পাসপোর্ট জমা রাখতে হবো। সাহায্য করতে হবে তদন্তে। কলকাতার বাইরে যেতে পারবেন না তিনি। একই সঙ্গে তদন্তকারী অফিসারকে স্থায়ী ফোন নম্বর দিয়ে রাখতে হবো। সপ্তাহে একদিন হাজিরা দেওয়ারও নির্দেশ দিয়েছেন বিচারপতি।

উল্লেখ্য, প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতির মামলায় গ্রেফতার হয়েছিলেন কালি ঘাটের কাকু ওরফে সুজয় কৃষ্ণ ভদ্র। এর আগে একাধিক বার তার অন্তর্বর্তী জামিন দিয়েছেন বিচারপতি। এবার স্থায়ী জামিন পেলেন তিনি। আজকের নির্দেশের ফলে তিনি ইডি এবং সিবিআই দুটি সংস্থার দায়ের করা মামলাতেই জামিন পেলেন।

দিল্লি বিমান বন্দর থেকে 'ইন্ডিগো' বিমান সংস্থার সব অভ্যন্তরীণ উড়ান আজ মধ্যরাত পর্যন্ত বাতিল করা হয়েছে। তবে, অন্য সব বিমান সংস্থার উড়ান সূচী অবশ্য নির্ধারিত'ই রয়েছে। বিমান সংস্থা এই সমস্যা কাটিয়ে ওঠার চেষ্টা করছে বলে বিমান বন্দর সূত্রে জানা গেছে। সর্বশেষ উড়ান সূচী জানার জন্য বিমান বন্দর কর্তৃপক্ষ, www.newdelhiairport.in ওয়েবসাইট দেখার জন্য যাত্রীদের অনুরোধ করেছেন।

এদিকে, কলকাতা বিমান বন্দর সূত্রে জানা গেছে, আজ সকাল ৯'টা পর্যন্ত কলকাতা থেকে বিভিন্ন গন্তব্যে যাওয়ার ১৮ টি বিমান বাতিল করা হয়েছে। ১৩ টি দেরীতে ছেড়েছে। অন্যদিকে, কলকাতায় আসার ৮টি বিমান বাতিল হয়েছে এবং ১৩'টি দেরীতে পৌঁছেছে।

এইমাত্র জনা গেছে, 'ডাইরেক্টোরেট অফ সিভিল আভিয়েশন', বিমান কর্মীদের বিশ্রাম সংক্রান্ত যে নির্দেশিকা জারি করা হয়েছিল, তা' অবিলম্বে প্রত্যাহার করে নেওয়া হচ্ছে। DGCA-র জারি করা ওই নির্দেশিকার জেরেই গোটা দেশ জুড়ে বিমান পরিবহন ব্যবস্থা ব্যাপকভাবে ব্যাহত হয়।

রেলের সম্প্রসারণের পাশাপাশি পরিকাঠামোগত উন্নয়নের দিকে পূর্ব রেলের নজর অনেক বেশি থাকে বলে করেছেন পূর্ব রেলের জেনারেল ম্যানেজার Milind Deouskar জানিয়েছেন। কলকাতায় আজ বগিক সভা ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স আয়োজিত তৃতীয় রেল ইন্ডিয়া ফোরাম- দি ফিউচার এক্সপ্রেস শীর্ষক আলোচনা সভায় বক্তৃব্য রাখতে গিয়ে তিনি বলেন, পরিবেশের কথা মাথায় রেখে ভারতীয় রেল পুনর্বীকরণ যোগ্য শক্তির ব্যবহারের জন্য নানা উদ্যোগ নিয়েছে।

আলোচনায় অংশ নিয়ে কলকাতা শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দরের IRTC চেয়ারম্যান রথেন্দ্র রামন বলেন, পণ্য পরিবহনে গতি আনতে রাস্তা এবং রেলওয়ে ওভারব্রিজ নির্মাণে পশ্চিমবঙ্গ, ওড়িশা ও ঝাড়খন্দ রাজ্য মিলিয়ে কলকাতা বন্দর কর্তৃপক্ষ ইতিমধ্যে ১৩০ কোটি টাকা বিনিয়োগ করেছে। হলদিয়া বন্দরে পণ্য উঠানো নামানোর ক্ষেত্রে বর্তমানে ১২ থেকে ১৪ ঘন্টা সময় লাগে সেখানেও আধুনিকীকরণের কাজ শেষ হলে ওই কাজ দুঃঘটায় শেষ করা সম্ভব হবে।

(বাইট- রথেন্দ্র রমন)

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রেলওয়ে বিশেষজ্ঞ কমিটির ম্যানেজিং ডিরেক্টর এবং ইন্ডিয়ান চেম্বার অফ কমার্সের চেয়ারম্যান বিকাশ লোহিয়া সহ বিভিন্ন বিসরকারি সংস্থার প্রতিনিধিরা।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ঋষি অরবিন্দের ৭৬ তম প্রয়াণ দিবসে তাকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। দেশকে ব্রিটিশ ওপনিবেশিক শাসনের হাত থেকে মুক্ত করতে স্বাধীনতা আন্দোলনে যোগ দিয়েছিলেন অরবিন্দ ঘোষ। জাতীয়তাবাদী নেতা, দাশনিক অরবিন্দ ঘোষ বন্দেমাতরম সহ একাধিক পত্রপত্রিকার সম্পাদনার কাজ করেছেন। আলিপুর বোমা মামলায় এক বছর জেলবন্দি থাকার পর মুক্তি পেয়ে তিনি ফিরে যান আধ্যাত্মিক জীবনে। আধ্যাত্মিক ও যোগ ভাবনায় মগ্ন করেন নিজেকে। পুরুচেরিতে একটি আশ্রমও প্রতিষ্ঠা করেছিলেন শ্রী অরবিন্দ।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ঋষি অরবিন্দের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সমাজমাধ্যমের এক বার্তায় তিনি অরবিন্দকে এক অবিস্মৃতনীয় জ্যোতিষ্ঠ বলে উল্লেখ করেছেন। প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে ঋষি অরবিন্দের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়।

কলকাতার আনন্দ পুর থানা এলাকায় গুলসান কলোনীতে আজ সকাল দশটা নাগাদ একটি রং এর গুদামে সাত হাজার স্কোয়ার ফুট এলাকা জুড়ে আগুন লাগে। দমকলের আটটি গাড়ি আগুন নেভাবার কাজ চলছে। আগুনের তীব্রতা বেশী হওয়ায় জলের পাশাপাশি ফোম দিয়ে আগুন নেভানোর চেষ্টা চালানো হচ্ছে। হতাহতের খবর নেই। কোনোরকম বিপর্যয় এড়াতে ওই গুদামের আশেপাশে থাকা বাড়ির বাসিন্দাদের সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে।
